গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৯.১৯-২৯১

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৩০ মে ২০১৯

বিষয়: কনটেম্পট পিটিশন নং-২৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-২৩৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন এভিএএস টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকার ৮৯ নং ক্রমিকে নির্বাচিত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেখে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব সেলিনা সুলতানা কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলা দায়ের করা হয়।

২। বিগত ১৫/১২/২০১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলার সাথে (একত্রে মোট ৪টি মামলার) মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলার রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The respondents are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010.

৩। রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৭৪৩/২০১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 400 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৪। উক্ত আপিল মামলার রায়ের আলোকে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ০৫টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ২৬/৬/২০১৪ তারিখে শিম/শা-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জুলাই/২০১৪ মাস হতে বকেয়াসহ আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়েছে মর্মে মে/২০১৫ মাসের এমপিও সীট দেখা যায়।

৫। উল্লেখ্য-বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর থেকে বকেয়া প্রদানের বিষয়ে পিটিশনার কর্তৃক সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবদনের উপর মতামত প্রদানের জন্য এ বিভাগের কারিগরি শাখা-৩ হতে আইন শাখাকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায় এবং আপিল পিটিশন নং-৭৪৩/২০১২ মামলার বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানের (সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন এভিএএস টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ) শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬/০৫/২০১০ হতে জুন/২০১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের সুযোগ নেই" মর্মে এ বিভাগের কারিগরি শাখা-৩ -কে জানিয়ে দেয়া হয়।

৬। পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানের প্রভাষক (সেক্রেটারিয়েল সায়েন্স) জনাব মো: মিজানুর রহমান কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধের দাবী করে বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে বিবেচ্য Notice of Contempt প্রেরণ করা হয়।

৭। উক্ত কনটেম্পট নোটিশের প্রেক্ষিতে রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলায় ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশে এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৭৪৩/২০১২ মামলায় বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩, তারিখ ২৬/৬/২০১৪ খ্রি: মূলে জারীকৃত এমপিও সংক্রান্ত জি.ও-তেও ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া প্রদানের নির্দেশনা নেই বিধায় মাননীয় আদালতে নির্দেশনা এবং উক্ত জি.ও এর মর্ম মতে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন এভিএএস টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ-এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের সুযোগ নেই মর্মে বিজ্ঞ আইনজীবী ও নোটিশ প্রেরণকারীকে পুনরায় জানিয়ে দেয়া হয়।

৮। তৎপরবর্তীতে ডিএমই এর উক্ত পত্রের উপর সন্তোষ্ট না হওয়ায়/চাহিত সুবিধা না পাওয়ায় উক্ত প্রতিষ্ঠানের প্রভাষক (সেক্রেটারিয়েল সায়েন্স) জনাব মো: মিজানুর রহমান কর্তৃক তার প্রতিষ্ঠানটি (সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন এভিএএস টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ) ২০০৯-২০১০ অর্থ বছর হতে এমপিও তালিকাভুক্তকরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে কনটেম্পট পিটিশন নং-২৩৪/২০১৯ (রিট পিটিশন নং- ৫৩৯৯/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

চলমান পাতা-০২

৯। উক্ত কনটেম্পট মামলায় জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং এবং জনাব রওনক মাহমুদ, ডিজি, ডিটিই-কে ২ নং কনটেম্পটনর করা হয়েছে। গত ৩০/৪/১৯ তারিখে মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক বর্ণিত মামলাটি শুনানী শেষে রিট পিটিশন নং- ৫৩৯৯/২০১০ মামলার ১৫/১২/১০ তারিখের রায়/আদেশ অবমাননার দায়ে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ২৮/৫/১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে।

১০। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে টিএমইডি-কে আগামি ১২/৬/১৯ তারিখের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো -

(ক) রিট পিটিশন নং-৫৩৯৯/২০১০ মামলায় ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশে এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৭৪৩/২০১২ মামলায় বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩, তারিখ ২৬/৬/২০১৪ খ্রি: মূলে জারীকৃত এমপিও সংক্রান্ত জি.ও-তেও ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া প্রদানের নির্দেশনা নেই বিধায় মাননীয় আদালতে নির্দেশনা এবং উক্ত জি.ও এর মর্ম মতে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন এডিএএস টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ-এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের সুযোগ নেই মর্মে বিজ্ঞ আইনজীবী ও নোটিশ প্রেরণকারীকে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ/জনাব মো: মিজানুর রহমান, প্রভাষক (সেক্রে: সায়েন্স) কে টিএমইডি হতে গত ১৪/০৫/১৯ তারিখে ২৫৫ নং স্মারক মূলের মাধ্যমে জানিয়ে দেয়ার বিষয়টি কনটেম্পট মামলার জবাবে উল্লেখ করা; (২৫৫ নং স্মারকের কপি সংযুক্ত)।

(খ) কনটেম্পট মামলার জবাব দাখিলের নিমিত্ত সচিব মহোদয়ের স্বাক্ষরের জন্য ওকালতনামা প্রেরণ করা;

(গ) সময়মত কনটেম্পট মামলার জবাব দাখিল করা প্রয়োজনে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে সময় বৃদ্ধির জন্য আবেদন করা;

(ঘ) কনটেম্পট মামলার বিষয়ে ডিটিই-এর নিজস্ব আইনজীবী দ্বারা নিয়মিত তদারকি করত: সার্বক্ষণিক হালনাগাদ অবস্থা টিএমইডিকে অবহিত করা;

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪,বি/ আগারগাঁও, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাক (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।